দৈনিক বাংলা

তারিখ 19 NOV 1992
পৃষ্ঠা ৩ কলাম ৪

০৩

# ইসলামী ভার্সিটি শিক্ষকদের পরীক্ষার হল বর্জন

নিজস্ব সংবাদদাতা ঃ ঝিনাইদহ, ১৮ নবেম্বর।– ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা মঙ্গলবার থেকে পরীক্ষার হল বর্জনসহ সমস্ত কাজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দিয়েছেন।

জানা যায়, সোমবার বেলা সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের কয়েকজন ছাত্র শিক্ষক পরিবহন বাসটি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ব্যবহার করে। ফলে, ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি দোষী ছাত্রদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানিয়ে বিভিন্ন বিভাগের অনার্স পরীক্ষার হল বর্জন করে। অনির্দিষ্টকালের জন্য বর্জন থাকবে বলে বিশ্ববিদ্যালয়েল রেজিস্ট্রার সূত্রে জানা গেছে।

আগামী ৩০ নবেম্বর পর্যন্ত ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সকল প্রকার সমাবেশ মিছিল নিষিদ্ধ থাকা সত্ত্বেও এই আকস্মিক উদ্ভূত পরিস্থিতির প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্রদল প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল করেছে। এছাড়া বিভিন্ন ছাত্র সংগঠনও এই কাজের জন্য ক্ষোভ ও নিন্দা জানিয়ে মিছিল করে। বর্তমানে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে।